

পাঠ-মূল্যায়ন-০১

শ্রেণি-দশম

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সময়ঃ ২৫ মিনিট

পূর্ণমানঃ ২৫

[বিঃদ্রঃ উত্তর প্রাসঙ্গিক হতে হবে। প্রতিটি প্রশ্নের মান-০১]

নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১। ওয়ার্ড প্রসেসিং শব্দের অর্থ কী?

২। কোন কমান্ড ব্যবহার করে বড় কোন ডকুমেন্টে অল্প সময়ে শব্দ খোঁজা যায়?

৩। যখন কোনো ডকুমেন্ট বারবার ব্যবহারের প্রয়োজন হয় তখন সেটিকে কী আকারে সংরক্ষণ করলে সময় সাশ্রয় হয়?

৪। অফিস-২০০৭ এ পৃষ্ঠা নং দিতে হলে প্রথমে কোন মেনুতে ক্লিক করতে হবে?

৫। ছবি যোগ করার জন্য ওয়ার্ড -২০০৭ রিবনের কোন ট্যাবে ক্লিক করতে হয়?

৬। ওয়ার্ড প্রসেসরের পর্দার উপরের দিকে এক সারিতে Home, Page, layout, Insert ইত্যাদি লেখা রয়েছে। এ সারিটিকে কী বলে?

৭। Basic Tk 5000.00 এবং House rent 50% হিসেব করে মোট বেতন দেখাতে ফর্মুলা কী হবে?

৮। ওয়ার্কশীট কী?

৯। সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদিতে তথ্য উপস্থাপনের জন্য সর্বাধিক গুরুত্ব পেয়ে থাকে কোন সফটওয়্যার ?

১০। পাওয়ার পয়েন্ট ফাইলকে কী বলা হয়?

১১। ব্যাকগ্রাউন্ড হিসেবে আরও রঙ, টেক্সচার এবং ছবি ব্যবহার করার জন্য প্লেটের নিচের দিকে কী সিলেক্ট করতে হবে?

১২। Format Background ডায়ালগ বক্সের উপরে বামপার্শ্বের কোন রেডিও বোতামে ক্লিক করে সক্রিয় করা যায়?

১৩। ফটোশপে ডায়ালগ বক্সের Background Contents অংশে ডপ-ডাউন মেনু থেকে Transparent সিলেক্ট করলে ক্যানভাস বা Background এর রং কীরূপ হবে?

১৪। ফটোশপের কাজ করার জন্য কমবেশি কয় প্রকার টুল রয়েছে?

১৫। ফটোশপের পেন্সিল বা ব্রাশ টুল দিয়ে রেখা অঙ্কন করলে কোনটির রঙ তুলির রঙ হিসেবে কাজ করে?

১৬। ফটোশপের কোন দুইটি বোতাম একত্রে চেপে রেখে স্থানান্তরিত করলে অবজেক্টটিই হয়ে স্থানান্তরিত হবে?

১৭। অপশন বার -এ Feather ঘরে ০ থেকে কত পর্যন্ত বিভিন্ন পরিমাপসূচক সংখ্যা টাইপ করে অবজেক্টের প্রান্ত নমনীয় করা যায়?

১৮। ফটোশপে ফেদার ঘরে ১০ টাইপ করলে প্রান্তের নমনীয়তা কত হবে?

১৯। মুদ্রণের উদ্দেশ্যে ইলাস্ট্রেটর এ কাজ করার জন্য কোন মোডে কাজ করা উত্তম?

২০। জুম টুল সিলেক্ট করে মাউস পয়েন্টার পর্দার উপর নিয়ে এলে মাউস পয়েন্টার কিসের মতো দেখাবে?

২১। সিলেকশন টুলের ডান পাশের সাদা টুলটিকে কী বলা হয়?

২২। CMYK মোডে কাজ করলে কালার স্লাইডার কয়টি থাকে?

২৩। কীসের মাধ্যমে বিপুল পরিমাণ তথ্য থেকে কাঙ্ক্ষিত তথ্য দ্রুত খুঁজে বের করা যায়?

২৪। ডেটাবেজ থেকে প্রয়োজনীয় রেকর্ডসমূহ নিয়ে কী তৈরি করা যায়?

২৫। ডেটাবেজে তথ্য অনুসন্ধানের জন্য কোনটি ব্যবহৃত করা হয়?